

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.১২২.২৩ নথির বিষয়: Refilling, servicing & painting of different type fire extinguisher cylinder and others works.

নোট: ১ নোটের বিষয়: Refilling, servicing & painting of different type fire extinguisher cylinder and others works কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৭/৯/২৩ ১০:৫৭ অপরাহ্ন

সংযুক্তি ক্র: নং ০১ হতে ০৩ দয়া করে দেখা করে যেতে পারে। চাঁদনীঘাট পানি শোধনাগার (ঢাকা ওয়াটার ওয়ার্কস) একটি কে পি আই প্রতিষ্ঠান এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত। সেই কারণে কে পি আই এর নির্দেশনা অনুযায়ী প্লান্টে প্রয়োজনীয় অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকা আবশ্যিক। উক্ত শোধনাগারের লো-লিফট পাম্পিং স্টেশন হতে ট্রিটেড ওয়াটার/হাই লিফট পাম্পিং স্টেশন পর্যন্ত এরিয়ার বিভিন্ন পয়েন্টে উচ্চ বৈদ্যুতিক ক্ষমতা সম্পন্ন ইলেকট্রো মেকানিক্যাল ইকুইপমেন্টস ও মেশিনারীজ রয়েছে। রোস্টার অনুযায়ী ২৪ ঘন্টাই এই সকল মেশিনারীজ সচল থাকে। সেই কারণে বৈদ্যুতিক/অন্য কোন ত্রুটির কারণে অগ্নিকান্ডের হাত থেকে রক্ষার জন্য প্লান্টের বিভিন্ন পয়েন্টে অগ্নি নির্বাপক সিলিভার ব্যবহৃত হচ্ছে। উক্ত অগ্নি নির্বাপক যন্ত্র/সিলিভার এর মেয়াদ শেষে প্রতি বছরের ন্যায় চলতি অর্থবছরেও নতুন করে রি-ফিলিং করতে হবে এবং প্রয়োজনের তুলনায় অগ্নি নির্বাপক যন্ত্র কম থাকায় নতুন সিলিভার ক্রয় করা প্রয়োজন। এছাড়া বিভিন্ন সময়ে প্লান্টে মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশী অতিথি, বিভিন্ন দেশের দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তা সহ বিভিন্ন ধরনের অতিথি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে প্লান্ট ভিজিট করে থাকেন। সেই কারণেও প্লান্টের অগ্নি নির্বাপক ব্যবস্থা যথাযথ থাকা আবশ্যিক। অন্যদিকে প্লান্টে বিভিন্ন স্থাপনার পাশাপাশি বিশাল খোলা চত্বর বিদ্যমান যাতে বিভিন্ন প্রজাতির গাছ ও ঘাস রোপন করা হয়েছে ও বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় সারফেস ড্রেন রয়েছে। যা নিদিষ্ট সময় পরপর পরিষ্কার পরিচ্ছন্ন করা হচ্ছে। বর্তমানে ডেপুট প্রকোপ বৃদ্ধি পেয়েছে। প্রতিদিন ডেপু রোগে আক্রান্ত হয়ে লোকজন হাসপাতালে ভর্তি হচ্ছে এবং মারাও যাচ্ছে। সেই কারণে এডিস মশার লার্ভা নিধনে ঢাকা ওয়াসা ও সিটি করপোরেশনের নির্দেশনা রয়েছে। সেই আলোকে প্লান্ট, বিভিন্ন পাম্প হাউজ, মডস জোন ও রাজস্ব জোনের অভ্যন্তরীণ বিভিন্ন স্থাপনার ছাদে জমা পানি ও আশে পাশের আগাছা এবং সারফেস ড্রেন লাইনের বালু, স্লাজ, ময়লা-আবর্জনা ক্রিনিং করা হচ্ছে ও বিভাগীয় জনবল ও ফগার মেশিন দিয়ে মশা মারার ওষুধ ছিটানো হচ্ছে। বিভাগীয় ভাঙারে মশা মারার ওষুধ মজুদ না থাকায় কার্যক্রমটি ব্যাহত হচ্ছে। সেই কারণে মশা মারার ওষুধ, ঘাস কাটার মেশিনসহ আনুষংগিক মালামাল ক্রয় করা প্রয়োজন। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি বিভাগীয় প্রাক্কলন প্রস্তুত করে উপস্থাপন করা হয়েছে। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা :৪,৯৮,১৩২.৩৯২(চার লক্ষ আটাত্তাই হাজার একশত বত্রিশ দশমিক তিন নয় দুই) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃশোধনাগার(ও এন্ড এম) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনার সীমিত দরপত্র পদ্ধতিতে(এলটিএম ই-জিপি) সিরিয়াল নং-৮৪; প্যাকেজ নং-ডব্লিউ৯ এ ধরা আছে।

সংযুক্তিসমূহ (৩):

১। মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

২। দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।

৩। নির্বাপক সিলিভার রি-ফিলিং, সার্ভিসিং ও পেইন্টিং ও অন্যান্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৭/৯/২৩ ১০:৫৭ অপরাহ্ন

চাঁদনীঘাট পানি শোধনাগারের বিভিন্ন ধরনের অগ্নি নির্বাপক সিলিভার রি-ফিলিং, সার্ভিসিং ও পেইন্টিংসহ অন্যান্য কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে কাজটি পিপিআর ২০০৮ এর ৬৩(১)(ক) ধারায় সীমিত দরপত্র পদ্ধতি(এলটিএম ই-জিপি) তে করা যেতে পারে। যার দরপত্র ডকুমেন্ট ই-পিডব্লিউ-২ এর আলোকে করা হবে।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৭/৯/২৩ ১০:৫৮ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে চাঁদনীঘাট পানি শোধনাগারের বিভিন্ন ধরনের অগ্নি নির্বাপক সিলিন্ডার রি-ফিলিং, সার্ভিসিং ও পেইন্টিংসহ অন্যান্য কাজে উপস্থাপিত সর্বমোট টা:৪,৯৮,১৩২.৩৯২(চার লক্ষ আটাত্তন হাজার একশত ত্রিশ দশমিক তিন নয় দুই) টাকা কাজের প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৬৩(১)(ক) ধারায় সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম ই-জিপি) তে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।

৭/৯/২৩ ১১:৩০ অপরাহ্ন
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

৮/৯/২৩ ৮:৫০ অপরাহ্ন
মোঃ ইলিয়াস হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-২

৯/৯/২৩ ১০:৩৩ পূর্বাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

৯/৯/২৩ ১০:৩৩ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
উপ-সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১০/৯/২৩ ৮:০৯ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদন দেওয়া যেতে পারে।

১০/৯/২৩ ৮:১০ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
উপ-সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১০/৯/২৩ ৮:১০ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ১০/৯/২৩ ৯:১২ পূর্বাহ্ন

অনুমোদিত

১০/৯/২৩ ৯:১২ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

১০/৯/২৩ ৯:৫৬ পূর্বাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

৫/১১/২৩ ১০:২০ অপরাহ্ন
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা